তারিখ 29 OCT 1988
পৃষ্ঠা 5 কলাম 3

068

# এবারের বিসিএস পরীক্ষা

বিভিন্ন কারণে ১৯৮৮-৮৯-এর বিসিএস পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্রছাত্রীদের পক্ষে নির্দিষ্ট সময়ের মধ্যে সব প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরম জমা দেয়া সম্ভব হয়নি। বন্যার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় একমাস বন্ধ থাকে। সেজন্যে আমরা বিভিন্ন পরীক্ষার মূল বা সাময়িক সার্টিফিকেট তুলতে পারিনি। বর্তমানে এত অধিক ছাত্রছাত্রীর সার্টিফিকেট এত অল্প সময়ের মধ্যে নির্ভুলভাবে প্রদান করা শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয় নয় অন্য যেকোন বিশ্ববিদ্যালয়ের পক্ষেই অসম্ভব (ঢা, বি এ ব্যাপারে নোটিশ দিয়ে তাদের সীমাবদ্ধতার কথা জানিয়ে দিয়েছে)। এখানে উল্লেখ্য যে বিশ্ববিদ্যালয় সুদীর্ঘ এক মাসকাল বন্যার ছুটি শেষে ০১-১০-৮৮ ইং তারিখে খুলেছে এবং বিসিএস ফরম জমা দেয়ার শেষ তারিখ ছিল ১৫-১০-৮৮ ইং। উল্লিখিত পরিস্থিতির প্রেক্ষিতে আমাদের সমস্যা সহৃদয়তার সাথে বিবেচনা করার এবং বিসিএস পরীক্ষার ফরম জমা দেয়ার শেষ তারিখ অন্তত একমাস বাড়িয়ে ১৫-১১-৮৮ ইং ধার্য করার জন্যে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের প্রতি আবেদন জানাচ্ছি।

—তারেক
রা, বি বিভাগ, ঢা বি।

।।২।।

বিসিএস পরীক্ষার প্রার্থীদের দুইটি ফরম দেয়া হয়। এর ২ নং ফরমটি পূরণ করা এক জটিল টেকনিক্যাল ব্যাপার। যদিও এর সাথে একটা নির্দেশিকা দেয়া হয়ে থাকে তবুও অনেকে এটা পূরণ করতে গিয়ে ভুল করে বসে। এমনও হতে পারে যে একজন মুসলিম ছেলে ট্রাইবের ঘরে ২-এর পরিবর্তে ভুলবশত ১ বসিয়ে দিল। আবার বিএসসি (পাস) কোর্সের একটি ছেলে শিক্ষা নির্দেশিকার ঘরে ৪-এর পরিবর্তে ২ বসিয়ে দিল। বিসিএস পরীক্ষার প্রস্তুতি ডিগ্রী পরীক্ষার প্রস্তুতির চাইতে অনেক বেশী কষ্টকর। একটা ছেলে বিসিএস ফরম ফিলআপ করার পর কঠোর পরিশ্রম করে পরীক্ষার প্রস্তুতি নেয়। ফরম ফিলআপ করতে প্রায় (১০০+২৫+অন্যান্য) মোট ২০০/- টাকার মত লেগে যায়। এছাড়াও বই, গাইড বিভিন্ন পেপার, ইত্যাদি কিনতেও কয়েক শ টাকা খরচ হয়। কিন্তু তার পরেও যদি দেখা যায় যে সামান্য একটু ভুলের জন্য ইন্টারভিউ কার্ড পর্যন্ত এলো না তখন সে ছাত্রটির মানসিক অবস্থা কি দাঁড়ায়? তা সহজেই অনুমেয়।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে তাই অনুরোধ, ১ নং অথবা ২ নং যেকোন ফরমেই যদি কোন ভুল ধরা পড়ে তবে সরাসরি তা বাতিল না করে প্রদত্ত কাগজপত্র দেখে সে ভুল সংশোধন করে নিয়ে প্রত্যেক পরীক্ষার্থীকে অন্তত ইন্টারভিউ কার্ড প্রদানের ব্যবস্থা করা হোক।

মোঃ জাকির হোসেন তালুকদার
উত্তর সরালিয়া,
মোড়েলগঞ্জ, বাগেরহাট।